আন্তর্জাতিক নারী দিবসে নারী অধিকার ও নিরাপত্তায় জোর দিলেন জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বিশেষ বার্তা দিয়েছেন ডা. শফিকুর রহমান। বাংলাদেশ জামায়াতে ইসলামী–এর আমির হিসেবে তিনি বাংলাদেশসহ বিশ্বজুড়ে সব নারীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। রোববার (৮ মার্চ) সন্ধ্যায় নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত এক পোস্টে তিনি এ বার্তা দেন।

বার্তায় তিনি বলেন, পরিবার, সমাজ, অর্থনীতি ও রাষ্ট্র পরিচালনায় নারীরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। এমন একটি দেশ গড়তে হবে যেখানে নারীরা শিক্ষা, কর্মসংস্থান ও নেতৃত্বে ন্যায্য সুযোগ পাবে, কর্মক্ষেত্রে বৈষম্য ও বেতন বৈষম্য দূর হবে এবং প্রতিটি নারী নিরাপদ ও মর্যাদাপূর্ণ জীবনযাপন করতে পারবে।

তিনি আরও বলেন, নারীর প্রতি সহিংসতা, নিপীড়ন ও অসম্মান বন্ধে রাষ্ট্র ও সমাজকে কঠোর অবস্থান নিতে হবে। একই সঙ্গে বিজ্ঞান, প্রযুক্তি, শিক্ষা ও উদ্ভাবনে মেয়েদের সক্রিয় অংশগ্রহণ বাড়াতে সমন্বিত উদ্যোগ প্রয়োজন।

ডা. শফিকুর রহমানের মতে, নৈতিকতা, মানবিকতা ও পারিবারিক মূল্যবোধভিত্তিক ন্যায়সংগত সমাজই নারীর প্রকৃত মর্যাদা নিশ্চিত করতে সক্ষম। ধর্ম, মত ও সম্প্রদায় নির্বিশেষে দেশের প্রতিটি নারী সম্মান ও সহযোগিতার দাবিদার।

শেষে তিনি সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়ে বলেন, এমন একটি বাংলাদেশ গড়ে তুলতে হবে যেখানে নারীরা নিরাপদ পরিবেশে সম্মানের সঙ্গে সম্ভাবনাময় ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে পারে।